বাংলাদেশ সিভিল সার্ভিস উইমেন নেটওয়ার্ক (BCSWN)- এর কার্যনির্বাহী কমিটির ষষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক
ও
সচিব, খাদ্য মন্ত্রণালয়।

সভার মাধ্যম : জুম কনফারেন্স।

তারিখ ও সময় : ০৩ মার্চ ২০২১, রাত ৭.৩০ ঘটিকা।

বিসিএস উইমেন নেটওয়ার্ক এর কার্যনির্বাহী কমিটির উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্য / কর্মকর্তাদের তালিকা 'পরিশিষ্ট - ক' তে সংযুক্ত।

১.০ গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব বিগত ০৬/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী এবং সংযোজনী না থাকায় তা দৃঢ় করা হয়।

২.০ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
০২	বিসিএস উইমেন নেটওয়ার্কের ওয়েবসাইট তৈরি।	নির্বাহী সদস্য রায়হানা তসলিম কে ফোকাল পয়েন্ট নির্বাচন করা হলো। তিনি এটুআই এর প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করবেন।	এটুআই এর প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করে একটি ওয়েব সাইট তৈরি করা হয়েছে। ওয়েব সাইটটির ডোমেইন ২০২৬ সাল পর্যন্ত নবায়ন করা আছে। ওয়েব সাইটটি সচল করার জন্য server space ক্রয় করা প্রয়োজন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সাথে যোগাযোগ করে server space ব্যবহারের অনুমতি নেওয়া হবে।
০৩	কর্ম পরিকল্পনা প্রণয়ন।	আগামী বছরের জন্য বিসিএস উইমেন নেটওয়ার্কের কার্যক্রম সম্পর্কিত কর্ম পরিকল্পনা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২১ সালের জন্য কর্ম পরিকল্পনার প্রস্তুত করা হয়েছে। কর্ম পরিকল্পনা অনুযায়ী নেটওয়ার্কের কার্যক্রম পরিচালিত হবে।
০৪	ক্যাডার ভিত্তিক তথ্য সংগ্রহ।	বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৭ টি ক্যাডারের নারী কর্মকর্তাদের তথ্য সংশ্লিষ্ট ক্যাডারের প্রতিনিধিদের	প্রতিটি ক্যাডারের নারী কর্মকর্তাদের তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রতিটি ক্যাডারের একজন ফোকাল পয়েন্ট নির্বাচন করে তাদের

		মাধ্যমে সংগ্রহ করতে হবে।	নিকট কর্মকর্তাদের তালিকা প্রেরণ করা হবে। ফোকাল পয়েন্ট নারী কর্মকর্তাদের বর্তমান পদবি, কর্মস্থল, মোবাইল নম্বর এবং ইমেইল আইডি সংগ্রহ করবে।
০৫	নারী কর্মকর্তাদের পদায়ন ও বদলী সংক্রান্ত।	পদায়ন ও বদলী সংক্রান্ত একটি প্রস্তাবনা তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং বিভিন্ন অধিদপ্তরের মহাপরিচালকদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করা হচ্ছে। এ বিষয়ে একটি খসড়া পত্র তৈরি করে মন্ত্রণালয়/বিভাগের সচিব এবং বিভিন্ন অধিদপ্তরের মহাপরিচালক প্রধানদের নিকট প্রেরণ করা হবে।
০৬	কর্মকর্তাদের প্রশিক্ষণ মডিউল তৈরি এবং প্রশিক্ষণ কোর্স পরিচালনা করার জন্য একাডেমিগুলোতে চিঠি প্রেরণ।	ঢাকাস্থ বিভিন্ন প্রশিক্ষণ একাডেমিতে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে বিসিএস উইমেন নেটওয়ার্কের পত্রের প্রেক্ষিতে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানাতে হবে।	এ বিষয়ে ইতোপূর্বে চিঠি প্রেরণ করা হয়েছে। চিঠির প্রেক্ষিতে প্রশিক্ষণ একাডেমিগুলোর সাথে যোগাযোগ করা হচ্ছে। বিপিএটিসির একাডেমিক কারিকুলাম ডেভেলপমেন্ট কমিটি তাদের পরবর্তী কোর্সে একটি সেশন দিতে চেয়েছেন যেখানে নেটওয়ার্কের মডিউল তুলে ধরতে হবে। সহ-সভাপতি ফারহিনা আহমেদ একটি মডিউল তৈরি করেছেন। মডিউলটিতে যে কনটেন্ট রয়েছে সেগুলো একটি সভার আয়োজন করে পর্যালোচনা করা হবে।

৩.০ বিষয়ঃ আন্তর্জাতিক নারী দিবস-২০২১ উদ্‌যাপন।

৩.১ আলোচনাঃ মহাসচিব বলেন যে, নেটওয়ার্ক কর্তৃক গত বছরের ন্যায় এবারও আগামী ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস-২০২১ উদ্‌যাপন করা প্রয়োজন। এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি আহ্বান জানান। সভাপতি বলেন যে, বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনায় ওয়েবিনারের মাধ্যমে আন্তর্জাতিক নারী দিবস-২০২১ পালন করলে সারা দেশ থেকে সদস্যবৃন্দ যোগদান করতে পারবে। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষন করেন। এরপর আন্তর্জাতিক নারী দিবস-২০২১ অনুষ্ঠানের দিন, সময়, প্রধান অতিথি, বিশেষ অতিথি ও আলোচক নির্ধারনের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.২ সিদ্ধান্তঃ

৩.২.১ আগামী ৮ মার্চ ২০২১ সন্ধ্যা ৭.৩০ ঘটিকায় জুমের মাধ্যমে আন্তর্জাতিক নারী দিবস-২০২১ উপলক্ষ্যে ওয়েবিনার করা হবে;

৩.২.২ প্রধান অতিথি হিসেবে থাকবেন জনাব মোঃ সোহরাব হোসাইন, মাননীয় চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

৩.২.৩ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মোঃ আমিনুল ইসলাম খান, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;

৩.২.৪ সভাপতিত্ব করবেন বিসিএস উইমেন নেটওয়ার্কের সভাপতি খাদ্য সচিব ড. মোছাম্মৎ নাজমানারা খানুম।

বাস্তবায়নঃ সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৪.০ বিষয়ঃ মহান স্বাধীনতা দিবস-২০২১ উদ্‌যাপন।

৪.১ আলোচনাঃ মহাসচিব ওয়েবিনারের মাধ্যমে বিজয় দিবস-২০২০ উদ্‌যাপন করার বিষয়টি তুলে ধরেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৪.২ সিদ্ধান্তঃ ২৬/০৩/২০২১ তারিখ শুক্রবার মহান স্বাধীনতা দিবস-২০২১ ওয়েবিনারের মাধ্যমে উদ্‌যাপন করা হবে। সভাপতির সঙ্গে আলোচনা করে প্রধান অতিথি, বিশেষ অতিথি, এবং মূখ্য আলোচক নির্বাচন করা হবে।

বাস্তবায়নঃ সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং সাংস্কৃতিক উপ-কমিটি।

৫.০ বিষয়ঃ নারী কর্মকর্তাদের কাউন্সিলিং বিষয়ক ওয়েবিনারের আয়োজন।

৫.১ আলোচনাঃ মোছাঃ ফরিদা ইয়াসমিন, উপ-পুলিশ কমিশনার, প্রফেসনাল স্টান্ডার্ড এন্ড ইন্টারনাল ইনভেস্টিগেশন, ডিএমপি বলেন যে, নারী কর্মকর্তাদের নানাবিধ সমস্যা রয়েছে। নারী কর্মকর্তাদের মানসিক সাপোর্ট দেওয়ার জন্য এবং বিভিন্ন সমস্যা কিভাবে ফেস করবে এ সকল বিষয়ে ওয়েবিনারের আয়োজন করা যেতে পারে। মহাসচিব বলেন যে, সেক্ষেত্রে বিভিন্ন ক্যাডারে কর্মরত সিনিয়র নারী কর্মকর্তারা জুনিয়র নারী কর্মকর্তাদের সাথে অভিজ্ঞতা বিনিময় করার মাধ্যমে কর্মক্ষেত্রে যে সকল সমস্যার সম্মুখীন হন তা সমাধান করতে পারে। সাবেক তথ্য সচিব বেগম কামরুন নাহারকে প্রধান অতিথি করে Women harassment of workplace বিষয়ক একটি ওয়েবিনার আয়োজন করা যেতে পারে।

৫.২ সিদ্ধান্তঃ

৫.২.১ Women harassment of workplace বিষয়ক একটি ওয়েবিনার আয়োজন করা হবে।

বাস্তবায়নঃ সায়লা ফারজানা, মহাসচিব, বিসিএস উইমেন নেটওয়ার্ক ও যুগ্ম-সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং মোছাঃ ফরিদা ইয়াসমিন, উপ-পুলিশ কমিশনার, প্রফেসনাল স্টান্ডার্ড এন্ড ইন্টারনাল ইনভেস্টিগেশন, ডিএমপি।

৬.০ জেন্ডার আওয়ারনেস বিষয়ক সেমিনার/ট্রেনিং/ওয়ার্কশপ আয়োজন করা

৬.১ আলোচনাঃ সহ-সভাপতি ফারহিনা আহমেদ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে জেন্ডার আওয়ারনেস বিষয়ক সেমিনার/ট্রেনিং/ওয়ার্কশপ করার বিষয়টি আলোকপাত করেন।

৬.২ সিদ্ধান্তঃ জেন্ডার আওয়ারনেস বিষয়ক সেমিনার/ট্রেনিং/ওয়ার্কশপ আয়োজন করা হবে।

বাস্তবায়নঃ ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও সহ-সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

৭.০ নেটওয়ার্কের জন্য কর্মসূচী প্রণয়ন করা।

৭.১ আলোচনাঃ সহ-সভাপতি ফারহিনা আহমেদ বলেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রায় ৩৩ টি কর্মসূচী বাস্তবায়ন করে বাজেট সংগ্রহ করছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতা নিয়ে বিসিএস উইমেন নেটওয়ার্কের জন্য একটি কর্মসূচী বাস্তবায়ন করে বাজেট সংগ্রহ করা যেতে পারে। এক্ষেত্রে কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ তাদের আইডিয়া শেয়ার করতে পারে।

৭.২ আগামী এক মাসের মধ্যে নেটওয়ার্কের জন্য কর্মসূচী প্রণয়ন করা হবে।

বাস্তবায়নঃ ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও সহ-সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

৮.০ আন্তর্জাতিক নারী দিবস-২০২১ ও মহান স্বাধীনতা দিবস-২০২১ এ ফেসবুক পেজে বাণী দেওয়া।

৮.১ আলোচনাঃ সহ-সভাপতি ফারহিনা আহমেদ আন্তর্জাতিক নারী দিবস-২০২১ ও মহান স্বাধীনতা দিবস-২০২১ এ ফেসবুক পেজে ও ওয়েবসাইটে সভাপতি ও মহাসচিবের যৌথ স্বাক্ষরে দুটি বাণী দেওয়ার বিষয়টি আলোকপাত করেন।

৮.২ সিদ্ধান্তঃ আন্তর্জাতিক নারী দিবস-২০২১ ও মহান স্বাধীনতা দিবস-২০২১ এ বিসিএস উইমেন নেটওয়ার্কের ফেসবুক পেজে প্যাডে বাণী প্রচার করতে হবে।

বাস্তবায়নঃ ড. বিলকিস বেগম, উপসচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও দপ্তর সম্পাদক, বিসিএস উইমেন নেটওয়ার্ক।

আলোচনা শেষে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্টদের উদ্যোগী হওয়ার আহ্বান জানিয়ে এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোছাম্মৎ নাজমানারা খানুম)
সভাপতি
বিসিএস উইমেন নেটওয়ার্ক
ও
সচিব, খাদ্য মন্ত্রণালয়